

মোংলা বন্দর কর্তৃপক্ষ  
মোংলা, বাগেরহাট।

বিষয়ঃ ১১/১০/২০২১ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত মবক'র মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, পিএসসি, চেয়ারম্যান।  
তারিখ : ১১/১০/২০২১ খ্রিঃ।  
সময় : ১১.০০ ঘটিকা।  
স্থান : মবক'র সভা কক্ষ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির নির্দেশক্রমে পরিচালক (প্রশাসন) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:-

১। গত ২৯/০৮/২০২১ তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	অডিট কার্যক্রম পরিচালনা এবং অডিট আপত্তি হ্রাস। এজেন্ডা শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯	ক) দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্ত অনুযায়ী অমীমাংসিত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে মবক'র পত্র নং-৭৬৬, তাং-০৮/০৭/২০২১ মূলে মহা-পরিচালক, পরিবহন অডিট অধিদপ্তর, ঢাকা বরাবর তাগিদ পত্র প্রেরণ করা হয়। এছাড়া, এ বিষয়ে নিরীক্ষা কর্মকর্তা গত ১৯/৯/২১ খ্রিঃ তারিখে ঢাকায় গমন করেন এবং পরিবহন অডিট অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে আলোচনায় তারা জানান যে, এ সংক্রান্ত সকল নথি উপস্থাপন হয়েছে এবং হচ্ছে। খ) পরিবহন অডিট অধিদপ্তরের পত্র নং-৫৭৪, তাং-২৪/০৫/২০২১ খ্রিঃ মূলে জুন'২০২১ মাসে নতুন ৭০টি অডিট আপত্তি পাওয়া যায়। তদপ্রেক্ষিতে যথাক্রমে পত্র নং-১০১৩, তাং-৮/৭/২১ খ্রিঃ, পত্র নং-১০৩৬, তাং-১২/৭/২১ খ্রিঃ, পত্র নং-১১৩৪, তাং-৮/৮/২১ খ্রিঃ এবং পত্র নং-১৩৫৬, তাং-১৩/৯/২১ খ্রিঃ মূলে মোট ৫৮টি আপত্তির জবাব নৌপরিবহন মন্ত্রণালয়ের (অডিট আইন শাখা) প্রেরণ করা হয়। তন্মধ্যে ২৭টি আপত্তির ব্রডশীট জবাব নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক পত্র নং-২১৭, তাং-৮/৮/২১ খ্রিঃ মূলে পরিবহন অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়। অবশিষ্ট ১২টি অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রস্তুত প্রক্রিয়াধীন। গ) অনিষ্পন্ন অডিট আপত্তি সমূহ নিষ্পত্তির বিষয়ে আন্তঃ বিভাগীয় যোগাযোগ অব্যাহত আছে। ঘ) উর্ধ্বতন নিরীক্ষা কর্মকর্তা পদের বর্তমান বেতন স্কেলে বেতনভাতাদি স্থগিত রেখে পূর্বের স্কেলে বেতনভাতাদি পরিশোধ করা হচ্ছে।	ক) (i) দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্ত অনুযায়ী মীমাংসাপত্র জারীর বিষয়টি ত্বরান্বিত করতে হবে। (ii) অডিট অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অডিট চলাকালীন যে সমস্ত আপত্তি নিষ্পত্তির জন্য সিদ্ধান্ত দেন তার আলোকে অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করার জন্য অডিট অধিদপ্তরকে পত্র প্রেরণ করতে হবে। খ) অবশিষ্ট ১২টি অডিট আপত্তির জবাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। গ) অনিষ্পন্ন অডিট আপত্তি সমূহ নিষ্পত্তির বিষয়ে আন্তঃ বিভাগীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে। ঘ) এ বিষয়ে ইতোমধ্যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পরবর্তী সভার আলোচ্যসূচি হতে বিষয়টি বিমুক্তিকরণ করতে হবে।	প্রধান নিরীক্ষা কর্মকর্তা প্রধান নিরীক্ষা কর্মকর্তা প্রধান নিরীক্ষা কর্মকর্তা পরিচালক (প্রশাসন)